

## বিরহ (Miss You)

©®Deepak Sarkar, Written on 10/1999, Redwood Shores, California

তুমি না এলে ভালো লাগেনা -  
কিছুই ভালো লাগেনা।

দেখি পাহার, দেখি সমুদ্র  
দেখি বনভূমি, জলপ্রপাত!  
পূর্ণিমা রাত, নিশার তারাতে  
তোমাকে খুঁজে বেড়াই।

প্রসস্ত পথ, গাড়ীর গতি -  
ছুটির আমেজে আজ কত মাতামাতি!  
সূর্যোদয় ও সূর্যাস্তে  
মনে সে রঙ আসেনা।

উড়ে সিগাল, উড়ে পেলিকান -  
কানাডার গীজ উড়ে বিমান!  
আমার মনের চঞ্চলতাকে  
ওরা তোমাকে জানায়।